দৈনিক ইনকিলাব

তারিখ 30 NOV 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

## বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

উচ্চ শিক্ষার শীর্ষস্থান বিশ্ববিদ্যালয়। এখানে আসন সংখ্যা খুবই সীমিত। প্রতিযোগীর সংখ্যা অনেক। তাই অনেকেই বাদ পড়ে যায় তাদের ভাল রেজাল্ট নিয়ে। ভার্সিটিতে প্রতিটি ফরমের মূল্য হয় ১০০ টাকা। তাছাড়া ঢাকা ভার্সিটির ফরম ঢাকা থেকেই কিনতে হয় এবং ঢাকা এসেই জমা দিতে হয়। আবার মাঝখানে কিছুদিন বিরতি থাকে। তারপর পরীক্ষা দিতে হয়। এতে করে ঢাকার বাইরের ছাত্রদের বার বার আসা-যাওয়ায় প্রচুর টাকা খরচ হয়। অন্যান্য ভার্সিটির অবস্থাও প্রায়ই অনুরূপ। যদি দেশের প্রতিটি জেলা থেকে ফরম সংগ্রহ করা যেত এবং ডাকের মাধ্যমে জমা দেয়া যেত তাহলে দরিদ্র ছাত্রদের অনেক সুবিধা হতো। প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের নিকট অনুরোধ প্রতিটি ফরমের মূল্য ৫০ টাকা করা হোক এবং তা প্রতিটি জেলা থেকে যাতে সংগ্রহ করা যায় ও ডাকের মাধ্যমে জমা দেয়া যায় এরূপ ব্যবস্থা করুন।

—মোঃ সিদ্দিকুর রহমান,
৬নং জিন্দাবাহার, ঢাকা-১১০০।